# মন্ত্রিপরিষদ বিভাগের জুন ২০২১ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাস: **জুন ২০২১** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১১ জুলাই ২০২১

**(১) প্রশাসনিক:**

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৪১৭ | ২৭২ | ১৪৫ |
| অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন** | ২,০৯৮ | ৯৮৮ | ১,১১০ |
| **মোট** | ২,৫১৫ | ১,২৬০ | ১,২৫৫ |

ক. ২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | - | ৩১ | ৩১ | ৪৪ | ৩৯ | ১৪৫ |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | ৩৬৬ | ৩৩৬ | ২৫১ | ১৫৭ | ১,১১০* |
| **মোট** | - | - | ৩৯৭ | ৩৬৭ | ২৯৫ | ১৯৬ | ১,২৫৫ |

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | - | - | - | - | - | - |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | - | - | - | - | - |

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | মন্ত্রিপরিষদ সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন (দিন) | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন) | - | - | - | - | - | - | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন) | - | - | - | - | - | - | |

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নেই।

**(২) আইনশৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।**

**(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।**

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

| প্রকল্পের নাম | বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ(কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তারতালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| Technical Support for CRVS System Improvement in Bangladesh (3rd Phase) | মোট -০.৫২<br>DPA-০.৩৯<br>জিওবি-০.১৩ | মোট-০.২৭৫১<br>DPA-০.২৪২৭<br>জিওবি-০.০৩২৪<br>(৫২.৯১%) | - | - | - |

**খ.প্রকল্পের অবস্থা সংক্রান্ত :**

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| - | - | - | - |

**(৫) উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

**(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

**(৭) অডিট আপত্তি**

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশিট জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ৯টি | ০.২৩ | - | - | ৯টি | ৯টি অডিট আপত্তির মধ্যে ৭টি অডিট আপত্তি সংক্রান্ত ১টি মামলা রয়েছে (মামলা নং-৭/২০০০) যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন। |
| বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড | ৪টি | ১৫.৮৩ | - | - | ৪টি | অডিট অধিদপ্তর কর্তৃক জারিকৃত চূড়ান্ত নিষ্পত্তি পত্রের আলোকে বিলুপ্ত সকল বিভাগীয় (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ডের) উন্নয়ন বোর্ডের শুধু আদালতে চলমান মামলা/সার্টিফিকেট মামলা ব্যতীত সকল অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। |
| দুর্নীতি দমন কমিশন | ৪টি | ৬৮৬.৭৭ | ৪ | - | ৪টি | - |
| মোট | ১৭টি | ৭০২.৮৩ | ৪ | - | ১৭টি | - |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেসের তালিকা: **নেই।**

**(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)**

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ | পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে) | প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকরিচ্যুত/ বরখাস্ত | অন্যান্য দণ্ড | অব্যাহতি | | |
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১ | - | - | ১ | - | - | ৩ |
| দুর্নীতি দমন কমিশন | ৯ | - | - | - | - | ৯ | ২২ |
| মোট | ১০ | - | - | ১ | - | ৯ | ২৫ |

**(৯) মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

| মন্ত্রণালয়/সংস্থা | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/ এজেন্সি | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | - | - | - | - |
| দুর্নীতি দমন কমিশন | - | - | - | - |

**খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:** মন্ত্রিপরিষদ বিভাগের গ্রেড ৯ এবং তদূর্ধ্ব গ্রেডভুক্ত ৮০জন কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘণ্টা) ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

**গ.প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা:** নেই।

**ঘ.মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না:** প্রযোজ্য নয়।

**ঙ.প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা:** কোন কর্মকর্তা বিদেশ ভ্রমণ করেননি।

**(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট: নেই।**

**ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।**

**খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:**

(১) মন্ত্রিসভা-বৈঠক তিনটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি; জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৯৬তম সভা এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রিসভা-বৈঠকে ২০টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ১৫টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। প্রতিবেদনাধীন মাসে ৮টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) প্রতিবেদনাধীন মাসে ১৩টি মন্ত্রণালয়/বিভাগের অধ্যাদেশসমূহ নিয়ে ৬ জুন মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) খ্যাতিমান কবি ও সাহিত্যিক জনাব হাবীবুল্লাহ সিরাজী-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত শোক প্রস্তাব ৭ জুন ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৪) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মন্ত্রী জনাব জাহিদ মালেকের মাতা বেগম ফৌজিয়া মালেক-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়ে মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ৭ জুন ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৫) প্রতিবেদনাধীন মাসে প্রাপ্ত ১৫টি অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৬) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে একটি অভিযোগ প্রমাণিত হওয়ায় বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে এবং ২১টি অভিযোগ প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়। প্রতিবেদনাধীন মাসে মোট ২২টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

(৭) তদন্তাধীন ২২টি অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর তাগিদপত্র দেয়া হয়েছে।

(৮) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত মে দ্বিতীয় ও জুন প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।

(৯) বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২১-এর আবেদন প্রেরণের সময় বর্ধিত করার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০) চাঁদপুর শহর সংরক্ষণ প্রকল্পের ঝুঁকিপূর্ণ/ক্ষতিগ্রস্ত অংশ মেরামতের জন্য বিশেষ বরাদ্দ প্রদানের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১১) পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে কোরবানির পশুর হাট ও পশু কোরবানিকালে স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত নির্দেশিকা/গাইডলাইন অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১২) মশাবাহিত রোগ প্রতিরোধে নবম আন্তঃমন্ত্রণালয় সভার গৃহীত সিদ্ধান্তের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন শিশু সদন/শিশু পরিবার/শিশু উন্নয়ন কেন্দ্রের কার্যক্রম সুষ্ঠুভাবে ব্যবস্থাপনা ও তদারকি বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৪) বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর ৯১তম জন্মবার্ষিকী উদ্‌যাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) ভোলা জেলার মনপুরা উপজেলায় জাতীয় গ্রিডের বিদ্যুৎ সরবরাহ এবং চলমান সৌর বিদ্যুৎ প্রকল্পের বিদ্যুৎ মূল্য হ্রাস করার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) করোনার বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/ চলাচলে বিধি-নিষেধের আরোপ ও এর সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত পরিপত্র জারি করা হয়। করোনার বিস্তার রোধকল্পে খুলনা, রাজশাহী, রংপুর, ও ঢাকা বিভাগের সঙ্গে ভিডিও কনফারেন্সের আয়োজন করা হয়েছে।

(১৭) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী জুন ২০২১ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মামলায় ১০ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল এবং ৫ জনের বিরুদ্ধে এফআরটি দাখিল করা হয়েছে। এছাড়া, ৭ জনের বিরুদ্ধে এজাহার/মামলা দায়ের এবং ৮৬ জনের বিষয়ে অনুসন্ধানে নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

(১৮) বিভিন্ন আইনে ১০ জন কর্মকর্তাকে নির্বাহী ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়েছে।

(১৯) উপজেলা নির্বাচন অফিসার, পলাশ, নরসিংদী ও রিটার্নিং অফিসার গজারিয়া ও ডাংগা ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০২১-এর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) নিম্নবেতনভুক্ত কর্মচারীদের জীবন-জীবিকা নির্বাহের লক্ষ্যে ৫০ শতাংশ মহার্ঘ ভাতা প্রদানের দাবিনামা সংক্রান্ত স্মারকলিপি সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর প্রদান করা হয়েছে।

(২১) 'পড়ে আছে জীবন রক্ষাকারী সামগ্রী' শিরোনামে ১৩ এপ্রিল ২০২১ তারিখে প্রথম আলো পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনের বিষয়ে সর্বশেষ কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা দ্রুত জানানোর জন্য সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) জাতীয় মানবাধিকার কমিশনের আদেশনামা 'Suomoto অভিযোগ নম্বর-ঢা. ১৭/২১' সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) জাতীয় নদী রক্ষা কমিশনের বার্ষিক প্রতিবেদন, ২০১৯ এ প্রদত্ত সিদ্ধান্ত/সুপারিশ/নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনসহ তাঁর জেলার নদ-নদীর অবৈধ দখলদারদের হালনাগাদ তালিকা, তালিকাভুক্ত অবৈধ দখলদারদের উচ্ছেদ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন জরুরি ভিত্তিতে কমিশনে প্রেরণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য সকল জেলা প্রশাসক ও আহ্বায়ক, জেলা নদী রক্ষা কমিটি বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৪) 'সিন্ডিকেটের কারসাজি, প্রান্তিক তাঁতিদের শুল্কমুক্ত কাঁচামাল হরিলুট' শিরোনামে প্রকাশিত প্রতিবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৫) প্রতিবেদনাধীন মাসে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগসমূহে সাথে 'সামাজিক নিরাপত্তা কর্মসূচি কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (সিএমসি)-এর ১৫তম'; 'মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন ক্লাস্টার'; 'সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট' এবং 'এনজিওসমূহের সঙ্গে তাদের সামাজিক নিরাপত্তা কার্যক্রম সম্পর্কে' সভা অনুষ্ঠিত হয়।

(২৬) ১৯৯৫ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণী, বিজ্ঞপ্তি এবং সারসংক্ষেপের সকল খণ্ড জাতীয় আরকাইভসে হস্তান্তরের জন্য প্রস্তুত করা হয়েছে।

(২৭) হালনাগাদকৃত War Book চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে।

**গ.আগামী (জুলাই-আগস্ট) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:**

(১) মন্ত্রিসভা-বৈঠক; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য ১২টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন (এপ্রিল-জুন ২০২১) মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন।

(৪) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা অনুষ্ঠান।

(৫) ২০২০ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণী, বিজ্ঞপ্তি এবং সারসংক্ষেপসমূহ বিন্যাসকরণ।

**স্বাক্ষরিত/-**

(চৌধুরী মোয়াজ্জম আহমদ)
উপসচিব
**ফোন:** ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd